


রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়



২০১৫/১২১

তারিখ : ১৪/১২/২০১৫ইং

২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

কলেজের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী-২০১৬, ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ আগামী ১৭/১২/২০১৫ থেকে ২০/১২/২০১৫ তারিখ নিম্নে উল্লিখিত বিভাগওয়ারী তারিখে চলবে। উল্লিখিত তারিখের মধ্যে অন লাইনে ফরম পূরণ সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

মানবিক বিভাগ

১৭/১২/২০১৫

বিজ্ঞান বিভাগ

২০/১২/২০১৫

ব্যবসায় শিক্ষা বিভাগ

২১/১২/২০১৫ ও ২২/১২/২০১৫

ফরম পূরণের নিয়মাবলীঃ

- কোন ছাত্র-ছাত্রী তার রেজিস্ট্রেশন বর্হিভূত কোন বিষয়/বিষয়সমূহে ফরম পূরণ করতে পারবে না। রেজিস্ট্রেশন বর্হিভূত কোন বিষয়ে ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ২০১১-২০১২, ২০১২-২০১৩, ও ২০১৩-২০১৪ সেশনের ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের সংশ্লিষ্ট বছরের পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।
- পরীক্ষার্থী কর্তৃক অন লাইনে ফরম পূরণ ১৫/১২/২০১৫ থেকে ২২/১২/২০১৫ পর্যন্ত উল্লিখিত বিভাগওয়ারী তারিখে অবশ্যই সম্পন্ন করতে হবে।
- ছাত্র-ছাত্রীদের সকল বকেয়া ও পরীক্ষার ফি এর রসিদ কলেজ অফিস থেকে গ্রহণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাংগুনিয়া কলেজ শাখায় নির্দিষ্ট তারিখের মধ্যে জমা করতে হবে।
- ব্যাংকে টাকা জমা দেয়ার রসিদের পেছনে লাইব্রেরীর অনাপত্তিসহ লাইব্রেরী থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।
- টাকা জমা দেয়ার ব্যাংক রসিদ ও রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন পূর্বক পরীক্ষা কমিটি থেকে ফরম পূরণের আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
- পরীক্ষার্থী কর্তৃক স্বহস্তে পূরণকৃত আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অকৃতকার্য পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্রসহ) পরীক্ষা কমিটির নিকট নির্দিষ্ট তারিখে জমা দিতে হবে। তবে জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থীদের ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রবেশ পত্র, মূল সনদ পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি আবেদন ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে।
- ১/১/২০১৬ তারিখে কলেজের ওয়েবসাইট www.ranguniacollege.edu.bd/notice-এ প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক নির্দিষ্ট তারিখে পরীক্ষার্থীদের অবশ্যই কলেজে এসে পরীক্ষার্থীর তালিকায় দস্তখত করতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা কোন অবস্থাতেই সম্ভব হবে না এবং এর জন্য কলেজ কর্তৃপক্ষকেও দায়ি করা যাবে না।

(মোহাম্মদ আরু ইউসুফ)

অধ্যক্ষ

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

১। আঞ্চলিক, উচ্চ মাধ্যমিক পরীক্ষা কমিটি-২০১৬, রাংগুনিয়া কলেজ, চট্টগ্রাম।

২। অফিস প্রধান, কলেজের ওয়েবসাইটে প্রচারের জন্য।

৩। অফিস নথি।